শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

ISO 9001:2015 Certified

# বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২

## পোঃ ক্যাডেট কলেজ, বরিশাল

## BARISAL PALLI BIDYUT SAMITY-2

ফোন ঃ অফিস ০২-৫৫০৬১৬১৮, অভিযোগ কেন্দ্র ০২-৫৫০৬১৬১১, ই-মেইল-barisalpbs2@gmail.com, ওয়েব সাইট-www.pbs2.barisal.gov.bd

স্মারক নং- ২৭.১২.০৬০৩.৫২৮.০১.০০৮.২৩. ৩৬৪

তারিখ- ১৭/০৪/১৪৩০ বঙ্গাব্দ।
০১/০৮/২০২৩ খ্রিঃ।

## নিলাম বিজ্ঞপ্তি

বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর পরিচালন ও রক্ষণাবেক্ষণ ষ্টোরে রক্ষিত কনডেম ঘোষিত নিম্নবর্ণিত মালামালসমূহ **"যেখানে যে অবস্থায় আছে"** ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে বাংলাদেশের আগ্রহী ব্যক্তি/দরদাতা প্রতিষ্ঠানের নিকট হতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা, স্বাক্ষরসহ সীলগালাযুক্ত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | বিক্রয়তব্য মালামালের বিবরণ | পরিমাণ | উদ্ধৃত একক মূল্য (টাকা) | উদ্ধৃত মোট মূল্য (টাকা) | সিডিউলের মূল্য (অফেরত যোগ্য) | জামানতের পরিমান (টাকা) | দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) বিক্রয়-এর সময়সূচী | দরপত্র প্রাপ্তি, গ্রহণ ও খোলার স্থান | দরপত্র গ্রহণ ও খোলার তারিখ / সময় |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | পিডিবি ও আরইবি লাইন হতে বিভিন্ন প্রকার খোলা হার্ডওয়্যার, মিটার সকেট, ট্রান্সফরমারের খালি ট্যাংক, টুলস, গাই ওয়্যার ও অন্যান্য লৌহ জাতীয় মালামাল ইত্যাদি। | ৫৩৪১ কেজি | | | ১,৫০০.০০ | উদ্ধৃত দরের ২৫% | ০৩/০৮/২০২৩ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার হতে ২৩/০৮/২০২৩ খ্রিঃ তারিখ বুধবার পর্যন্ত যে কোন দিন (সরকারি ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত)। | (ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, খিলক্ষেত, জোয়ার সাহারা, ঢাকা-১২২৯, (খ) জেনারেল ম্যানেজার বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২, রহমতপুর, বরিশাল। | **দরপত্র গ্রহণের সময়ঃ** ২৪/০৮/২০২৩ খ্রিঃ বৃহস্পতিবার বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত। **দরপত্র খোলার সময়ঃ** ২৪/০৮/২০২৩ খ্রিঃ বৃহস্পতিবার বেলা ১২ -০৫ ঘটিকা। |
| ০২ | জে-১ ( এক ফেজ এনালগ মিটার) বাপবিবো | ২৯৯১৯ টি | | | | | | | |
| ০৩ | জে-১৬ ( এক ফেজ মিটার সকেট টাইপ) বাপবিবো | ০৫ টি | | | | | | | |
| ০৪ | জে-২ (তিন ফেজ ডিজিটাল মিটার) বাপবিবো | ৫৫ টি | | | | | | | |
| ০৫ | জে-৩ (তিন ফেজ ডিজিটাল মিটার) বাপবিবো | ৮৮ টি | | | | | | | |
| ০৬ | জে-৩৯ (তিন ফেজ ডিজিটাল মিটার) বাপবিবো | ৮৪৬৫ টি | | | | | | | |
| ০৭ | জে-৪ (তিন ফেজ ডিজিটাল মিটার) বাপবিবো | ২৬ টি | | | | | | | |
| ০৮ | ০৩ ফেজ পিডিবির এনালগ মিটার | ০৬ টি | | | | | | | |
| ০৯ | কপার তারের খালি ববিন | ১৯৪ টি | | | | | | | |
| | | | সর্বমোট= | | | | | | |

### শর্তাবলীঃ

০১। আগ্রহী দরদাতাগণ যে কোন তফসিলী ব্যাংক হতে বরিশাল *পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর,* পোষ্টঃ ক্যাডেট কলেজ, বরিশাল এর অনুকূলে নির্ধারিত পরিমাণ অর্থ (অফেরৎযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্তকরতঃ নির্দিষ্ট লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে বরিশাল *পল্লী বিদ্যুৎ সমিতি*-২ অথবা পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, সদর দপ্তর ভবন (৯ম তলা), জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ হতে দরপত্র দলিল **আগামী ২৩/০৮/২০২৩ খ্রিঃ তারিখ রোজ বুধবার** পর্যন্ত সংগ্রহ করতে পারবেন এবং **আগামী ২৪/০৮/২০২৩খ্রিঃ তারিখ রোজ বৃহপ্তিবার বেলা ১২:০০ ঘটিকার** *মধ্যে* সীলমোহরকৃত নিলাম দরপত্র বরিশাল *পল্লী বিদ্যুৎ সমিতি* -২ অথবা পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, সদর দপ্তর ভবন (৯ম তলা), জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ রক্ষিত টেন্ডার বাক্সে নিলাম দরপত্র দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পরে এবং ডাক ও কুরিয়ার যোগে কোন নিলাম দরপত্র গ্রহণ করা হবে না।

০২। দাখিলকৃত নিলাম দরপত্রসমূহ আগামী ২৪/০৮/২০২৩ খ্রিঃ রোজ বৃহস্পতিবার বেলা ১২:০৫ ঘটিকার সময় ক্রমিক নং-০১ এ বর্ণিত ঠিকানায় অর্থাৎ বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তরে এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, সদর দপ্তর, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ উপস্থিত নিলাম দরদাতা/মনোনীত প্রতিনিধির সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৩। **দাখিলকৃত প্যাকেজে সর্বোচ্চ নিলাম দর অনুযায়ী দরপত্র মূল্যায়ন করা হবে এবং সর্বোচ্চ ও বৈধ নিলাম দর দাখিলকারী প্রতিষ্ঠান/ব্যক্তির নিকট মালামাল নিলামে বিক্রয় করা হবে।**

০৪। **নিলাম দরপত্রে অংশ গ্রহনকারী দরদাতাগনের দরপত্র মূল্যায়নে সর্বোচ্চ দর দাখিলকারী ব্যক্তি/ প্রতিষ্ঠানের নিলাম মূল্য যদি পবিসের কনডেমেশন কমিটি কর্তৃক ধার্যকৃত সর্বনিম্ন নিলাম মূল্য অপেক্ষা কম হয় সেক্ষেত্রে পবিস কর্তৃপক্ষ বর্নিত নিলামটি বাতিল করার অধিকার সংরক্ষন করেন।**

০৫। নিলামে উদ্ধৃত দরের ২৫%(পঁচিশ শতাংশ) অর্থ আর্নেষ্ট মানি হিসাবে বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২ *এর অনুকূলে বাংলাদেশের* যে কোন তফসীলী ব্যাংক হতে **MICR ব্যাংক ড্রাফট/পে অর্ডার আকারে** নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে (যা সর্বোচ্চ দরদাতা না হলে অর্থাৎ কার্যাদেশ প্রাপ্য না হলে ফেরতযোগ্য)। আর্নেষ্ট মানি ব্যতিত কোনক্রমেই নিলাম দরপত্র গ্রহণ অথবা বিবেচনা করা হবে না।

০৬। উদ্ধৃত নিলাম দরপত্রে কোনরুপ কাটাকাটি/ঘষামাজা/ফ্লুইডিং গ্রহণযোগ্য হবে না। উদ্ধৃত নিলাম দর অংকে ও কথায় উল্লেখ করতে হবে। নিলাম দরপত্রের খামের উপরে স্পষ্টাক্ষরে সমিতির নাম ও **"কনডেম ঘোষিত পরিচালন ও রক্ষনাবেক্ষন ষ্টোরের মালামালসমূহ ক্রয়ের দরপত্র"** কথাটি লিখে ০১ নং ক্রমিকে বর্ণিত ঠিকানায় নিলাম দরপত্র সমূহ দাখিল করতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

অপর পৃষ্ঠার দ্রষ্টব্য

০৭। দরপত্র প্রকাশের তারিখ হতে দরপত্র জমাদানের পূর্বদিন অর্থাৎ **২৩/০৮/২০২৩ খ্রিঃ** পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতিত) বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ষ্টোরে রক্ষিত নিলামে বিক্রয়যোগ্য কনডেম মালামাল সমূহ পরিদর্শন করা যাবে।

০৮। প্রাপ্ত নিলাম দরপত্র সমূহ মূল্যায়ন কমিটির মাধ্যমে মূল্যায়ন করে ১ম সর্বোচ্চ নিলাম দরদাতার আর্নেষ্টমানি নগদায়ন করা হবে। অতপরঃ ১ম সর্বোচ্চ নিলাম দরদাতাকে নিলামে বিক্রয়যোগ্য মালামালের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর শতাংশ) মূল্য সহ উদ্ধৃত মোট নিলাম মূল্যের উপর সর্বশেষ সরকার নির্ধারিত ভ্যাট ও উৎসে কর বাবদ অবশিষ্ট অর্থ বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে বাংলাদেশের যে কোন তফসীলি ব্যাংক হতে ইস্যুকৃত MICR ব্যাংক ড্রাফট / পে অর্ডার আকারে বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ক্যাশ শাখায় ১৫ (পনের) দিনের মধ্যে জমা দিতে হবে। মোট নিলাম মূল্যসহ ভ্যাট ও উৎস কর বাবদ নির্ধারিত অর্থ বরিশাল *পল্লী বিদ্যুৎ সমিতি* -২ এর অনুকূলে পরিশোধের বিষয়টি নিশ্চিত হওয়া সাপেক্ষে কার্যাদেশে বর্ণিত সময় সীমার মধ্যেই নিলামে বিক্রয়কৃত সমুদয় মালামাল বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর হতে গ্রহণ করতে হবে।

০৯। নির্ধারিত সময়ের মধ্যে নিলামে বিক্রয়কৃত মালামাল সর্বোচ্চ নিলাম দরদাতা কর্তৃক গ্রহণ না করার কারণে মালামালের কোন ক্ষতি হলে বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃপক্ষ এর দায় গ্রহণ করবে না।

১০। সর্বোচ্চ নিলাম দরদাতা কর্তৃক কার্যাদেশ প্রদানের পর নির্ধারিত সময়ের মধ্যে অবশিষ্ট নিলাম মূল্য (সরকার নির্ধারিত ভ্যাট ও উৎসে কর সহ) পরিশোধে ব্যর্থ হলে উক্ত দরদাতার দাখিলকৃত আর্নেষ্ট মানি বাজেয়াপ্ত করে পরবর্তীতে ক্রমানুযায়ী সর্বোচ্চ নিলাম দরদাতার অনুকূলে নিলাম দরপত্র বিজ্ঞপ্তিতে বর্ণিত মালামাল হস্তান্তরের প্রক্রিয়া শুরু করা হবে।

১১। নিলামে বিক্রয়যোগ্য মালামাল হস্তান্তরের সময় মালামালের পরিমাণ কম বা বেশি হতে পারে।

১২। বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃপক্ষ কোনরুপ কারণ দর্শানো ছাড়াই যে কোন অথবা সকল নিলাম দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৩। শর্তাবলীতে উল্লেখ নেই এমন কোন বিষয় নিষ্পত্তির ক্ষেত্রে বাপবিবোর্ড/ বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

এমতাবস্থায়, উপরোল্লিখিত শর্তাবলী প্রতিপালনে আগ্রহী ব্যক্তি/দরদাতা প্রতিষ্ঠানকে যথা সময়ে ক্রমিক নং ০১ এ বর্ণিত অফিস সমূহে নিলাম দরপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

(মোঃ সাদেকুর রহমান)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)- সদয় অবগতির জন্য।

০১। পরিচালক,পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। জেলা প্রশাসক, বরিশাল।
০৩। পুলিশ সুপার, বরিশাল।
০৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার / জেনারেল ম্যানেজার, ------- পবিস- ১/২/৩/৪।
০৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরিশাল জোন, বাপবিবো, বরিশাল।
০৭। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, বরিশাল।
০৮। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, বরিশাল।

(০১–০৮: আপনার দপ্তরের নোটিশ বোর্ডে/ওয়েব সাইট ও বাপবিবোর্ড এর ওয়েব সাইট এর মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।)

০৯। উপজেলা নির্বাহী অফিসার, ------------------------ উপজেলা, বরিশাল।
১০। ডিজিএম, সদর-কারিগরী/আগৈলঝাড়া/গৌরনদী/উজিরপুর জোনাল অফিস, বপবিস-২, বরিশাল।
১১। সহকারী প্রকৌশলী, বাপবিবোর্ড, বরিশাল।
১২। এজিএম (ওএন্ডএম), বানারীপাড়া সাব জোনাল অফিস, বপবিস-২, বরিশাল।
১৩। এজিএম (এমএস/অর্থ-হিসাব /ওএন্ডএম), বপবিস-২, বরিশাল।

(১০–১৩: সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে মূল্যায়ণ কমিটিতে উপস্থিত থাকিবার জন্য অনুরোধ করা হইল।)

১৪। এজিএম (আইটি), বপবিস-২, বরিশাল। (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
১৫। নোটিশ বোর্ড, সদর দপ্তর/জোনাল/সাব জোনাল অফিস।
১৬। ওয়েব সাইট www.pbs2.barisal.gov.bd
১৭। বিল কপি / অফিস কপি / মাষ্টার কপি।

(মোঃ সাদেকুর রহমান)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)